



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ সেপ্টেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

## রাঙামাটির নানিয়াচরে জেএসএস সংস্কারবাদীদের গুলিতে নিহত দু' ব্যক্তি ইউপিডিএফের কর্মী নয়

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ শুক্রবার ২১ সেপ্টেম্বর ২০১৮ দ্বিতীয় দফায় দেওয়া বিবৃতিতে বলেছেন, গতকাল বৃহস্পতিবার মধ্যরাতে রাঙামাটির নানিয়াচরের রামসুপারি পাড়ায় জেএসএস সংস্কারবাদীদের গুলিতে নিহত যুদ্ধ মোহন চাকমা ওরফে আকর্ষণ (৪২) ও শ্যামল কান্তি চাকমা ওরফে সুমন্তকে (৩৫) বিভিন্ন অনলাইন ও ইলেকট্রনিক মিডিয়ায় ইউপিডিএফের কর্মী বলে যে প্রচার করা হয়েছে তা আদৌ সত্য নয়।

‘নিহত উক্ত দুই ব্যক্তি ইউপিডিএফের সাথে যুক্ত নয়’ দাবি করে ঘটনা বিষয়ে দ্বিতীয় বিবৃতিতে তিনি বলেন ‘তারা কয়েক মাস আগে সংস্কারবাদী জেএসএস ত্যাগ করে ইউপিডিএফের সাথে বোঝাপড়ার ভিত্তিতে স্বাভাবিক জীবনে ফিরে এসে গ্রামে বসবাস করছিলেন’।

সংস্কারবাদীদের বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও জুম্ম জাতীয় স্বার্থ বিরোধী কার্যকলাপের প্রকাশ্যে সমালোচনা করার কারণে ও মাফিয়া চক্রের মতো দলত্যাগের প্রতিশোধ নিতে তাদেরকে হত্যা করা হয়েছে বলে ইউপিডিএফ নেতা মন্তব্য করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।